5/24/22, 11:35 AM 03_105.jpg (218×507)

সংবাদ সম্মেলনে সচিব

# কারিগরি শিক্ষার্থীদের দাবি মানা হয়েছে

**নিজস্ব প্রতিবেদক** ● ইঞ্জিনিয়ারদের অটোপাস দেওয়া যায় না উল্লেখ করে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আমিনুল ইসলাম খান বলেছেন, হঠাৎ তৈরি হওয়া নতুন সংগঠন বাংলাদেশ পলিটেকনিক ছাত্র পরিষদ দাবি করার আগেই তাদের সিলেবাস সংক্ষিপ্ত করা হয়েছে। তারা এখন কোনো ভিন্ন উদ্দেশ্যে আন্দোলন করছে। ইঞ্জিনিয়ারদের অটোপাস দেওয়া হবে না। গতকাল রবিবার শিক্ষা মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

সচিব জানান, কারিগরি শিক্ষা বোর্ডের এক বৈঠকে পরীক্ষার নম্বর ও সময় কমিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। প্রতিটি বিষয়ের মোট ১০০ নম্বরের মধ্যে পরীক্ষা দিতে হবে ৫০

■ এরপর পৃষ্ঠা ৯, কলাম ৪

https://epaper.dainikamadershomoy.com/files/e-paper/2021/01/18/images/03_105.jpg 1/1

# কারিগরি শিক্ষার্থীদের

**(৩ এর পৃষ্ঠার পর)** নম্বরের। আর ৩ ঘণ্টার পরীক্ষা ২ ঘণ্টা এবং ২ ঘণ্টার পরীক্ষা দিতে হবে দেড় ঘণ্টায়। এ সিদ্ধান্তের পরও গতকাল রবিবার রংপুর ও বরিশালে সড়ক অবরোধ করে বাংলাদেশ পলিটেকনিক ছাত্র পরিষদ। আন্দোলন বিষয়ে সচিব বলেন, সিলেবাস কমিয়ে দেওয়াসহ শিক্ষার্থীদের দাবি মেনে নেওয়ার পরও আন্দোলন করা হচ্ছে ভিন্ন উদ্দেশ্যে। তারা চার দফা দাবির প্রথমটিতে বলছে– তাদের এক বছরের ক্ষতি পুষিয়ে দিতে হবে।